



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪- ১১০


তারিখঃ ২৭/০৮/২০১৭ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে থেকে নিজ দায়িত্ব পালনের নির্দেশনা থাকলেও লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ যখন তখন কর্তৃপক্ষের বিনা অনুমোতিতে কর্মস্থল ত্যাগ করছেন, ফলে প্রকল্প কার্যক্রমে কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জন করা সম্ভব হচ্ছে না। তাই উপজেলা পর্যায়ে কর্মরত প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের এখন থেকে কোন কারণে নিজ কর্মস্থল ত্যাগ করার প্রয়োজন হলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নিকট কর্মস্থল ত্যাগের জন্য লিখিত আবেদন করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা গুরুত্ব বিবেচনা করে কর্মস্থল ত্যাগের অনুমোতি প্রদান করবেন। অতঃপর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ইউআরডিও এর অনুমোদনসহ আবেদনের এক কপি প্রকল্পের ই-মেইল এ প্রেরণ নিশ্চিত করবেন। উক্ত ই-মেইল কপি প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত না হওয়া পর্যন্ত কর্মস্থল ত্যাগ করা যাবে না, অন্যথায় কর্মস্থল ত্যাগ করলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ ঐ দিন কর্মস্থলে অনুপস্থিত বিবেচনায় বেতন-ভাতা কর্তন করা হবে।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারীকে মাসে একবারের বেশি কর্মস্থল ত্যাগের অনুমোদন দেয়া যাবে না। বিশেষ কারণে একবারের বেশি কর্মস্থল ত্যাগের প্রয়োজন হলে প্রকল্প সদর দপ্তরের পূর্বানুমোদন নিতে হবে।

৩। প্রকল্পের স্বার্থে এই আদেশ জারি করা হলো ইহা অবিলম্বে কার্যকর হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাহেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
- ৩। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
- ৪। হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----
- ৫। প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।